



সম্পাদক  
শাহাদত চৌধুরী  
নির্বাহী সম্পাদক  
মোহসিনুল আদনান  
প্রধান প্রতিবেদক  
গোলাম মোর্তোজা  
প্রতিবেদক  
জয়ন্ত আচার্য  
সাইফুল হাসান, বদরুদ্দোজা বাবু  
সহযোগী প্রতিবেদক  
বদরুল আলম নাবিল  
আসাদুর রহমান, রুছুল তাপস  
প্রধান আলোকচিত্রী  
তুহিন হোসেন  
আলোকচিত্রী  
আনোয়ার মজুমদার  
নিয়মিত লেখক  
আসজাদুল কিবরিয়া, জুটন চৌধুরী  
ফাহিম হুসাইন, হাসান মুর্তাজা  
নোমান মোহাম্মদ, জব্বার হোসেন  
চট্টগ্রাম প্রতিনিধি  
সুমি খান  
যশোর প্রতিনিধি  
মামুন রহমান  
সিলেট প্রতিনিধি  
নিজামুল হক বিপুল  
বিশেষ বিদেশ প্রতিনিধি  
মিজানুর রহমান খান  
কানাডা প্রতিনিধি  
জসিম মল্লিক  
হলিউড প্রতিনিধি  
মুনাওয়ার হুসাইন পিয়াল  
নিউইয়র্ক প্রতিনিধি  
আকবর হায়দার কিরণ  
ওয়শিংটন প্রতিনিধি  
নাসিম আহমেদ  
যুক্তরাজ্য প্রতিনিধি  
শাহরিয়ার ইকবাল রাজ  
কম্পিউটার গ্রাফিক্স প্রধান  
নূরুল কবীর  
শিল্প নির্দেশক  
কনক আদিত্য  
প্রদায়ক আলোকচিত্রী  
এ এল অপূর্ব

জেনারেল ম্যানেজার  
শামসুল আলম

যোগাযোগ  
৯৬/৯৭ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০  
পিএবিএস : ৯৩৫০৯৫১ - ৩  
সার্কুলেশন/বিজ্ঞাপন : ৯৩৪৯৪৫৯  
ফ্যাক্স : ৯৩৫০৯৫৪  
চট্টগ্রাম অফিস : ১৪/ক, এসি দত্ত  
লেন, পাথরঘাটা, চট্টগ্রাম ৪০০০  
ইমেল : s2000@dbn-bd.net

দাম : ১৫ টাকা

মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড  
৫২ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০-এর  
পক্ষে মাহফুজ আনাম কর্তৃক প্রকাশিত  
ও ট্রান্সক্রাফট লিঃ, ২২৯ তেজগাঁও  
শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।

স্যাটেলাইট ও ইন্টারনেট আজকের বিশ্ব বাণিজ্যের নিয়ন্ত্রক হয়ে উঠছে। জনপ্রিয় এ মাধ্যম দুটোতে পরিবেশিত খ্যাতনামা তারকাদের বিজ্ঞাপনচিত্রই ক্রেতার চাহিদা, রঙ, ফ্যাশন নির্ধারণ করে দিচ্ছে। দেখা যাচ্ছে জনপ্রিয় তারকাদের নিয়ে বিজ্ঞাপন নির্মাণের পর রাতারাতি পণ্যের বিক্রি বেড়ে যাচ্ছে। এ কারণেই উৎপাদক প্রতিষ্ঠান পণ্যের উৎপাদন খরচের চেয়েও বিজ্ঞাপনের জন্য কয়েকগুণ বেশি অর্থ ব্যয় করছে। মাত্র দুই যুগেই পাল্টে গেছে দৃশ্যপট।

গত শতাব্দী মূলত ইউরোপীয়দের ঔপনিবেশিক শোষণের ইতিহাস। কলোনির দেশগুলোয় মূলত তারা উৎপাদিত পণ্য বিক্রি করতো। কলোনির শাসকদের মূল দায়িত্ব ছিলো ইউরোপীয় ব্যবসায়ীদের স্বার্থ রক্ষা করা। কলোনি হারিয়ে তারা বাজার নিয়ন্ত্রণের মাধ্যম খুঁজতে লাগলো। স্যাটেলাইট তাদের এনে দিয়েছে এ সুযোগ। আজ পণ্য বিপণনের জন্যই সৃষ্টি করা হচ্ছে খ্যাতনামা তারকাদের। এ কারণে বিশ্ব সুন্দরী প্রতিযোগিতায় সুন্দরীর মুকুট পালাক্রমে জিতে নিচ্ছে বিশ্বের বিভিন্ন অঞ্চলের তরুণীরা। এই তরুণীরা পরবর্তীতে হয়ে উঠছে পণ্যের মডেল।

বিশ্বের বহুজাতিক কোম্পানিগুলোর কাছে আজ খুবই লোভনীয় ভারত, চীন, আফ্রিকা ও ল্যাটিন আমেরিকার উঠতি মধ্যবিত্ত শ্রেণী। তারাই আজকের বাজারের বড় ক্রেতা। বহুজাতিক কোম্পানিগুলো এ কারণে বেছে নিচ্ছে শচীন টেডুলকার, রোনাল্ডোকে। কারণ ক্রীড়াঙ্গনের এই দুই তারকা দুই মহাদেশের দেবতার সমতুল্য। তাদের দিয়ে পণ্যের বিজ্ঞাপন করানোর অর্থ হচ্ছে তাদের কোটি ভক্তের কাছে পৌঁছে যাওয়া। শুধু শচীন টেডুলকারের জন্য ভারতীয় একজন ক্রিকেটপ্রেমী ড্রিঙ্কস কিনতে গেলে পেপসি কেনেন, স্পোর্টস ওয়্যার কিনতে গেলে এডিডাস কেনেন, সিক্রেট অব শচীন এনার্জি হিসেবে বুস্ট কেনেন। পণ্যের গুণগতমানের সঙ্গে যুক্ত হয় শচীনের ব্রান্ড নেম। ক্রেতার কষ্টার্জিত অর্থ ব্যয় করছে শচীন ব্রান্ড ক্রয়ের জন্য। মাইকেল জর্ডান, ডেভিড বেকহ্যাম, শচীন, সালমান খান কোম্পানিগুলোর কাছে এতো আকর্ষণীয় যে কয়েক কোটি টাকা খরচ করে বিজ্ঞাপন করাচ্ছে তাদের দিয়ে। মূলত আজ পণ্যের চাহিদা স্যাটেলাইটের মাধ্যমে জনপ্রিয় তারকাদের বিজ্ঞাপনচিত্র নির্ধারণ করে দিচ্ছে। গুণে নয়, বিজ্ঞাপনের কারণে জনপ্রিয় হয়ে উঠছে পণ্য।

আমাদের মতো দরিদ্র দেশের পণ্য গুণগত মানে ভালো হবার পরও ক্রমেই বাজার হারাচ্ছে। বিজ্ঞাপনের ফাঁদে পড়ে ক্রেতার আসল পণ্যটি বেছে নিতে পারছে না। ক্রমেই মুক্ত বাজারের প্রতিযোগিতা থেকে ছিটকে পড়েছে পুঁজিহীন আমাদের কৃষক, কুমার, তাঁতি। মুক্ত বাজার সংস্কৃতির আত্মসন থেকে তাদের বাঁচাতে হবে। এ জন্য এগিয়ে আসতে হবে সরকারকে। দেশের সচেতন মানুষদের।